

## ■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৭৭১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮১১]

(باب فضائل القرآن وما يتعلّق به) ৭। কুরআনের মর্যাদাসমূহ ও এতদসংশ্লিষ্ট বিষয়

পরিচ্ছেদঃ ১৩. সূরাহ ইখলাস পাঠের ফয়লত (মর্যাদা)

باب فَضْلِ قِرَاءَةِ { قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ }

আরবী

وَحَدَّثَنِي زُهيرٌ بْنُ حَرْبٍ، وَمُحَمَّدُ بْنُ بَشَّارٍ، قَالَ زُهيرٌ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ شُعبَةَ،  
عَنْ قَتَادَةَ، عَنْ سَالِمٍ بْنِ أَبِي الْجَعْدِ، عَنْ مَعْدَانَ بْنِ أَبِي طَلْحَةَ، عَنْ أَبِي الدَّرْدَاءِ، عَنِ  
النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "أَيَعْجِزُ أَهْدُوكُمْ أَنْ يَقْرَأُوا فِي لَيْلَةٍ ثُلُثَ الْقُرْآنِ" قَالُوا :  
وَكَيْفَ يَقْرَأُوا ثُلُثَ الْقُرْآنِ ؟ قَالَ : " قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ تَعْدِلُ ثُلُثَ الْقُرْآنِ " .

বাংলা

১৭৭১-(২৫৯/৮১১) যুহারর ইবনু হারব ও মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) ..... আবুদ দারদা (রাযঃ) থেকে বর্ণিত। (একদিন) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা কেউ কি এক রাতে কুরআনের এক তৃতীয়াংশ পাঠ করতে সক্ষম? সবাই জিজ্ঞেস করলেন, এক রাতে কুরআনের এক তৃতীয়াংশ কীভাবে পড়ব? তিনি বললেনঃ “কুল হওয়াল্ল-হু আহাদ” সূরাটি কুরআন মাজীদের এক তৃতীয়াংশের সমান। (ইসলামী ফাউন্ডেশন ১৭৫৬, ইসলামীক সেন্টার ১৭৬৩)

## English

Abu Darda' reported Allah's Apostle (ﷺ) as saying:

Is any one of you incapable of reciting a third of the Qur'an in a night? They (the Companions) asked: How could one recite a third of the Qur'an (in a night)? Upon this he (the Holy Prophet) said: "Say: He is Allah, One' (Qur'an. cxii) is equivalent to a third of the Qur'an."

হাদিসের শিক্ষা

\* এই হাদিস হতে শিক্ষণীয় বিষয়ঃ

১। এই হাদীসটি এই কল্যাণময় সূরাটির মর্যাদার বিবরণ পেশ করে, এই সূরাটির নাম হলো সূরা ইখলাস। এই সূরাটির তিলাওয়াত করার মর্যাদা হলো পবিত্র কুরআনের এক তৃতীয়াংশের তিলাওয়াত করার মর্যাদার সমান। এবং মহান আল্লাহর কৃপায় এই সূরাটির তিলাওয়াত করার পুণ্য হলো পবিত্র কুরআনের এক তৃতীয়াংশের তিলাওয়াত করার পুণ্যের সমান।

২। মুসলিম ব্যক্তির উচিত যে, সে যেন সূরা ইখলাসের সাথে সাথে সম্পূর্ণ কুরআন তিলাওয়াত করার প্রতি গুরুত্ব প্রদান করে। কেননা তার জন্য তাতে তো মহান আল্লাহর পক্ষ থেকে ইহকাল ও পরকালের সুখময় জীবন লাভ করার পথ প্রদর্শন করা হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=48531>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন